**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 26 Jan. 26** **TIME: 7:35 AM**

---

আজ দেশের ৭৭ তম সাধারণতন্ত্র দিবস । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর কর্তব্যপথে সাধারণতন্ত্র দিবসের প্রধান অনুষ্ঠানের নেতৃত্ব দেবেন ।সকাল ১০ টা ৩০ মিনিটে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজ শুরু হবে যা প্রায় ৯০ মিনিট স্থায়ী হবে । সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে কর্তব্যপথে অনুষ্ঠেয় প্যারেডে সমাজের বিভিন্ন ক্ষেত্রের ১০ হাজার বিশেষ অতিথি উপস্থিত থাকবেন । প্যারেডে আসামের ধুবরীর আশারিকান্দির বিখ্যাত পোড়ামাটি শিল্পের প্রতীক পট প্রদর্শন করা হবে । কুচকাওয়াজ শুরুর পূর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুদ্ধ স্মারকে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন ।

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ সকাল ৯টায় গৌহাটীর খানাপারার আসাম পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে সাধারণতন্ত্র দিবসের পতাকা উন্মোচন করবেন । এরপর তিনি রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষন দেবেন। রাজ্যপালের ভাষনের বাংলা অনুবাদ সকাল ৮ টা ৪৫ মিনিটে আমাদের কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপন করা হচ্ছে ,আজ সকাল ৯ টায় শিলচর পুলিশ প্যারেড

গ্রাউন্ডে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উন্মোচন করবেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই। আজকের সাধারণতন্ত্র দিবসের কার্যসূচীর মধ্যে ভোরে শহরের স্থায়ী মাইক যোগে দেশাত্মবোধক সঙ্গীত প্রচার , সকাল সাতটায় বেসরকারী গৃহ ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান সমুহে জাতীয় পতাকা উন্মোচন , সকাল সাড়ে ৭ টায় সরকারি কার্যালয় , স্কুল কলেজ ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উন্মোচন ও সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয় ।এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে ৮ টা ১৫ মিনিটে পুলিশ প্যারেড ময়দান অভিমুখে ছাত্রছাত্রীদের শোভাযাত্রা , ৮-৩০ মিনিটে গান্ধীবাগে গান্ধীজির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ , ৮-৪০ মিনিটে গান্ধীবাগে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ , সকাল ৯ টায় জাতীয় পতাকা উন্মোচন , ষষ্ঠ আসাম পুলিশ ব্যাটেলিয়ন , জেলা পুলিশ ,সি আর পি এফ , হোম গার্ড , বি এস এফ , এন সি সি , স্কাউট গাইড এবং স্কুলের ছাত্রছাত্রীদের সম্মিলিত কুচকাওয়াজ, সকাল ১০ টায় ট্যাবলো প্রদর্শন , সাংস্কৃতিক অনুষ্ঠান ,সকাল ১১ টা ২০ মিনিটে অনাথ আশ্রম ,হাসপাতালের রোগীদের মধ্যে ফল বিতরণ , বেলা ১২ টায় জেলা ক্রীড়া সংস্থার ময়দানে জেলা প্রশাসন একাদশ বনাম - জেলা ক্রীড়া সংস্থা প্রবীণ একাদশের মধ্যে প্রদর্শনী ক্রিকেট ম্যাচ , সন্ধ্যায় সরকারী কার্যালয় , বিভিন্ন মনীষীদের মর্মর মূর্তি প্রাঙ্গনে আলোকসজ্জা ইত্যাদি ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ৭৭তম সাধারনতন্ত্র দিবস উদযাপন করা হচ্ছে । এবছর জেলা প্রশাসনের উদ্যোগে সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্টান নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে অনুষ্ঠিত হবে । সকাল ৯টায় জেলা আয়ুক্ত অভিষেক জৈন জাতীয় পতাকা উত্তোলন করবেন । এরপর মার্চ পাষ্ট সহ বিভিন্ন বিভাগের পক্ষ থেকে ট্যাবলো প্রদর্শন করা হবে । এছাড়া সারা দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ সাধারণতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । শ্রীভূমি শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সকাল ৯টায় রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল জাতীয় পতাকা উন্মোচন করবেন । এরপর প্যারেড সহ বিভিন্ন বিভাগের সুসজ্জিত ট্যাবলো প্রদর্শনী , সাংস্কৃতিক অনুষ্টান বিহু-ধামাইল-মণিপুরী ও চা বাগানের নৃত্য পরিবেশন করা হবে ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু দেশের অর্থনৈতিক ভাগ্য নির্ণয় করার ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা এবং স্বদেশী সামগ্রীর ওপর গুরুত্ব আরোপ করেন ।তিনি বৈশ্বিক পর্যায়ে নিজেদের স্থিতি সবল করা তথা দেশকে উদ্ভাসিত করার জন্য দেশের যুব উদ্যোমী , ক্রীড়াবিদ , বিজ্ঞানী এবং পেশাদারী ব্যক্তিদের প্রশংশা করেন ।শ্রীমতী মুর্ম ভারতকে বিশ্বের সর্বাধিক যুব জনসংখ্যা থাকা দেশ হিসেবে উল্লেখ করে দেশের যুব প্রজন্মের প্রতিভার কথা তুলে ধরেন । গতকাল সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় জাতীর উদ্দেশ্যে ভাষণে তিনি একথা বলেন ।রাষ্ট্রপতি বৈশ্বিক অনিশ্চয়তা সত্বেয় ভারতের অর্থনৈতিক বিকাশ অব্যাহত রয়েছে বলে মন্তব্য করেন ।শ্রম সংস্কারের মাধ্যমে দেশের শ্রমিকরা উপকৃত হবেন বলে তিনি জানান ।

---

কেন্দ্রীয় সরকার সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে ২০২৬ সালের পদ্ম পুরস্কারের তালিকা ঘোষনা করেছে । মোট ১৩১ টি পদ্ম পুরস্কার ঘোষনা করা হয়েছে । এরমধ্যে ৫ জন পদ্মবিভুষন , ১৩ জন পদ্মভূষণ এবং ১১৩ জন পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন । এবছর অসামরিক পদ্ম সম্মান লাভ করা বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে ১৯ জন মহিলা রয়েছেন। এই মর্যাদাপূর্ণ পদ্ম পুরস্কারের তালিকায় আসামের

বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি স্থান পেয়েছেন । এর মধ্যে বরাক উপত্যকা থেকে সদ্যপ্রয়াত বিশিষ্ট শিক্ষাবিদ তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ জনজীবন ও রাজনীতিতে অবদানের স্বীকৃতিস্বরূপ মরণোত্তর পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন । এছাড়া শিল্পকলা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য হরিচরণ শইকিয়া , কৃষিক্ষেত্রে বিশেষ অবদানের জন্য যোগেশ দেউরি , শিল্পকলায় বিশেষ অবদানের জন্য নুরুদ্দিন আহমেদ এবং পখিলা লেখেথেপি পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন ।

---

হাইলাকান্দি জেলায়ও গতকাল মূখ্যমন্ত্রীর একটি কলি-দুটি পাতা প্রকল্পে ১১ হাজার চারশ ৬৬ জনকে পাঁচ হাজার টাকা করে অর্থ বন্টনের সূচনা হয়েছে । হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের জন্য ধলাই চা বাগানে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়া আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠান সরষপুর চা বাগানে আয়োজিত হয়েছে ।

---